মেহেরপুরে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন দিবস পালিত

জেলা প্রশাসন এবং বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের কর্মরত সহযোগী সংস্থাগুলোর আয়োজনে মেহেরপুরে যথাযোগ্য মর্যাদায় “বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন দিবস ২০২৫” পালিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে র্যালি শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সিডিপি সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সুবাহ নির্বাহী পরিচালক মঈন-উল-আলম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আশাদুল ইসলাম, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মেহেরপুর। সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক আবু জাফরের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর জেলার বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন প্রতিনিধিত্বকারী সুবাহ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মঈন-উল-আলম।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মউকের উন্নয়ন কর্মী মুরাদ হোসেন, পল্লী জনউন্নয়ন কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক গোলাম কিবরিয়া, আরভির নির্বাহী পরিচালক জনাব আনারুল ইসলাম, পলাশিপাড়া সমাজকল্যাণ সমিতির পরিচালক মোঃ কামরুজ্জামান, সিডিপির পরিচালক জন প্রভঞ্জন এবং সুফিয়া খাতুনসহ আরও অনেকে।

এর আগে একটি বর্ণাঢ্য র্যালি প্রধান সড়ক প্রদক্ষিণ করে সিডিপি অফিস প্রাঙ্গণে এসে শেষ হয়। এ সময় বিভিন্ন সংস্থার প্রধান, কর্মকর্তা-কর্মচারী, উপকারভোগীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ র্যালি ও আলোচনা সভায় অংশগ্রহণ করেন।

মুজিবনগরে জামায়াত প্রার্থী

তাজউদ্দিন খানের গণসংযোগ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের পরানপুর গ্রামে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে দাঁড়িপাল্লা প্রতীকে ভোট চেয়ে গণসংযোগ ও পথসভা করেছেন মেহেরপুর-১ আসন (মেহেরপুর সদর, মুজিবনগর) জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য প্রার্থী তাজউদ্দিন খান।

মঙ্গলবার বিকেল সাড়ে ৪টার দিকে তাজউদ্দিন খান পরানপুর গ্রামে পৌঁছালে স্থানীয় জামায়াতে ইসলামী নেতাকর্মীসহ সাধারণ মানুষ তাকে স্বাগত জানায়। এ সময় তিনি গ্রামজুড়ে ঘুরে সাধারণ মানুষের খোঁজখবর নেন এবং ন্যায়ভিত্তিক, দুর্নীতি-সন্ত্রাস ও চাঁদাবাজিমুক্ত দেশ গঠনে দাঁড়িপাল্লা মার্কায় ভোট দেওয়ার আহ্বান জানান।

গণসংযোগ শেষে পথসভা অনুষ্ঠিত হয়। পথসভায় মহাজনপুর ইউনিয়ন আমির আব্দুল হামিদের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, মানুষের কল্যাণে, ন্যায় ও নীতির ভিত্তিতে একটি সুন্দর সমাজ গঠনে জামায়াতে ইসলামী কাজ করে যাচ্ছে। জনগণের দোয়া ও সহযোগিতা পেলে আমরা উন্নত ও সুশাসনভিত্তিক সমাজ গড়তে সক্ষম হবো।

পথসভায় আরও উপস্থিত ছিলেন জেলা জামায়াতে ইসলামী বায়তুল মাল সেক্রেটারি জারজিস হোসাইন, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা,

সেক্রেটারি জাব্বারুল ইসলাম, মুজিবনগর উপজেলা আমির খানজাহান আলী, সেক্রেটারি খাইরুল বাশার, মুজিবনগর উপজেলা নায়েবে আমির মাওলানা ফিরাতুল ইসলাম নাঈম, উপজেলা পেশাজীবী বিভাগের সেক্রেটারি মোশাররফ হোসেন, উপজেলা বায়তুল মাল সেক্রেটারি আমির হোসেন, উপজেলা শ্রমিক কল্যাণ সভাপতি ফজলুল হক গাজী এছাড়াও জামায়াতে ইসলামী নেতাকর্মী এবং পরানপুর গ্রামের সাধারণ মানুষ উপস্থিত ছিলেন।

বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় মুজিবনগরে দোয়া মাহফিল

বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় মুজিবনগরে মেহেরপুর জেলা ছাত্রদলের উদ্যোগে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা ছাত্রদলের আয়োজনে কেদারগঞ্জ বাজারের রামনগর মোড়ে অবস্থিত উপজেলা বিএনপির কার্যালয়ে এ দোয়া মাহফিলের আয়োজন করা হয়। দোয়া মাহফিলে দেশনেত্রীর দ্রুত সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করে মোনাজাত করা হয়।

দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির, সিনিয়র যুগ্ম সম্পাদক রাশেদুল ইসলাম রাজন, দপ্তর সম্পাদক লিজন আলী, মিরপুর ছাত্রদলের সভাপতি তৌফিক এলাহী, মুজিবনগর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব আফিরুল ইসলাম,

এছাড়া মুজিবনগর উপজেলা ছাত্রদল, মেহেরপুর কলেজ ছাত্রদল ও বিভিন্ন ইউনিয়ন ছাত্রদলের সভাপতি-সম্পাদকসহ ছাত্রদলের নেতা-কর্মী ও সমর্থকবৃন্দ।

লটারিতে মেহেরপুরের ৩ থানায় নতুন ওসি

আসন্ন ত্রয়োদশ নির্বাচনকে সামনে রেখে দেশের ৬৪ জেলায় সকল থানার অফিসার ইনচার্জ (ওসি) বদলি করা হয়েছে। মেহেরপুরের তিন থানায়ও নতুন ওসি পদায়ন করা হয়েছে। এর মধ্যে সদর থানায় হুমায়ন কবির, গাংনী থানায় উত্তম কুমার দাস এবং মুজিবনগর থানায় জাহিদুল ইসলামকে ওসি হিসেবে পদায়ন করা হয়েছে।

সম্পাদকীয় ।। জাল সনদে বেতন নেওয়া শিক্ষকদের শাস্তির আওতায় আনতে হবে

শিক্ষা জাতীর মেরুদণ্ড, একটি জাতির ভিত্তি বলা হয়। শিক্ষকদের নৈতিকতা, সততা ও আদর্শই শিক্ষার্থীদের ভবিষ্যৎ গঠনের মূলে থাকে।

সেই জায়গায় দাঁড়িয়ে মেহেরপুর সদর উপজেলার বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ পাঁচ শিক্ষক দীর্ঘ পাঁচ বছর ধরে জাল বিএড সনদ ব্যবহার করে অতিরিক্ত বেতন গ্রহণ করেছেন। এ খবর শুধু দুঃখজনকই নয়, বরং দেশের শিক্ষা ব্যবস্থার প্রতি মানুষের আস্থা ও সম্মানকে চরমভাবে ক্ষতিগ্রস্ত করে। এবং একই সঙ্গে সরকারি টাকা আত্মসাতের মধ্যে ফৌজদারী অপরাধও বটে। যা চাকরিবিধির সুস্পষ্ট লঙ্ঘন।

২০১৯ সালে বিদ্যালয়টি এমপিভুক্ত হওয়ার পর থেকেই জাতীয় বিশ্ববিদ্যালয়ের নাম ব্যবহার করে জাল সনদ দেখিয়ে তারা উচ্চতর স্কেলে বেতন গ্রহণ করে আসছেন। অথচ বাস্তবে তারা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যশোর কেন্দ্র থেকে এখনো বিএড অধ্যয়নরত এবং মাত্র প্রথম সেমিস্টার শেষ করেছেন। এই তথ্য নিজেই প্রমাণ করে তারা সুস্পষ্ট প্রতারণার আশ্রয় নিয়ে সরকারি তহবিল থেকে প্রায় ১২ থেকে ১৪ লাখ টাকা অতিরিক্ত অর্থ আত্মসাৎ করেছেন।

অধিকতর উদ্বেগজনক হলো, বিদ্যালয়ের আরেক সহকারী শিক্ষক আখি তারা খাতুন জাল সনদ দিয়ে চাকরি নেওয়ার অপরাধে জেল খেটে এসেছেন, তবুও হাজিরা ছাড়া তাকে বেতন প্রদান করা হয়েছে। প্রধান শিক্ষকের পদে থেকে এ ধরনের অনিয়মে সমর্থন দেওয়া কেবল নৈতিক অধঃপতন নয়, বরং প্রশাসনিক ক্ষমতার স্পষ্ট অপব্যবহার।

একটি শিক্ষাপ্রতিষ্ঠানে যখন শিক্ষকই অনিয়মের মাধ্যমে সুবিধা গ্রহণ করেন, তখন শিক্ষার্থীদের কাছে সততা ও নৈতিকতার যে শিক্ষাটি দেওয়ার কথা, তা ভেঙে চুরমার হয়ে যায়। শুধু তাই নয়, এই ধরনের ঘটনা দেশের শিক্ষা ব্যবস্থার ওপর মানুষের আস্থা, নিয়োগ প্রক্রিয়ার

স্বচ্ছতা ও আর্থিক শৃঙ্খলা—সবই প্রশ্নবিদ্ধ করে।

ম্যানেজিং কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তার বক্তব্য অবশ্যই আশাব্যঞ্জক। তিনি বলেছেন, অভিযোগ প্রমাণিত হলে অতিরিক্ত বেতন সরকারি কোষাগারে ফেরত আনা হবে এবং আইনগত ব্যবস্থা নেওয়া হবে। তবে প্রশ্ন থেকে যায়—এই অনিয়ম পাঁচ বছর ধরে কীভাবে চললো? পর্যবেক্ষণ, অডিট ও তদারকি ব্যবস্থায় কি কোনো ঘাটতি ছিল? ইতিপূর্বে যারা সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন এমনকি শিক্ষা কর্মকর্তারা কি সঠিকভাবে তাদের দায়িত্ব পালন করেননি এমন প্রশ্ন এখন ঘুরপাক খাচ্ছে। প্রধান শিক্ষকসহ ওই পাঁচ শিক্ষকের নিয়োগের ক্ষেত্রে যারা ভূমিকা পালন করেছেন তাদেরও এ জবাদদিহীতার মধ্যে আনতে হবে।

এই ঘটনার দ্রুত, নিরপেক্ষ ও কঠোর তদন্ত হওয়া জরুরি। কেবল অতিরিক্ত টাকা ফেরত আদায়ে সীমাবদ্ধ থাকলে চলবে না; বরং এমন উদাহরণ তৈরি করতে হবে যাতে ভবিষ্যতে কোনো শিক্ষক বা প্রশাসনিক ব্যক্তি জাল সনদ বা প্রতারণার আশ্রয় নেওয়ার সাহস না পায়।

শিক্ষা প্রতিষ্ঠান নৈতিকতার চর্চার জায়গা। এখানে ভুয়া সনদ, বেতন জালিয়াতি এবং কর্তৃপক্ষের গাফিলতি—সব মিলিয়ে যে অস্থির চিত্র ফুটে উঠেছে, তা এখনই সংশোধন না হলে দীর্ঘমেয়াদে ক্ষতিগ্রস্ত হবে আমাদের ভবিষ্যৎ প্রজন্ম।

দোয়েলের চিমনিসহ গুড়িয়ে দেওয়া হয়েছে আর দুটি ভাটার ইট

মেহেরপুরের গাংনীতে অনুমোদন ছাড়াই পরিচালিত অবৈধ ইটভাটার বিরুদ্ধে উচ্ছেদ অভিযান চালিয়েছে পরিবেশ অধিদপ্তর ও জেলা প্রশাসন। গতকাল সোমবার সকাল থেকে গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় একযোগে এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানসূত্রে জানা যায়, ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন–২০১৩ লঙ্ঘন করে দীর্ঘদিন ধরে প্রয়োজনীয় লাইসেন্স ও পরিবেশগত

ছাড়পত্র ছাড়া বেশ কয়েকটি ভাটায় ইট উৎপাদন চলছিল। এসব ভাটা পরিবেশের ওপর মারাত্মক নেতিবাচক প্রভাব ফেলায় কর্তৃপক্ষ তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণে মাঠে নামে।

সকালের অভিযানে গাংনী পৌর এলাকার ধানখোলা রোডে অবস্থিত ‘দোয়েল ব্রিকস’ নামের অবৈধ ইটভাটাটি ভেঙে দেওয়া হয়। ভাটার চিমনি, ভাটা কাঠামোসহ উৎপাদন–সংশ্লিষ্ট অবকাঠামো গুঁড়িয়ে দেয় অভিযাত্রী দল।

অভিযান পরিচালনা করেন খুলনা পরিবেশ অধিদপ্তরের নির্বাহী ম্যাজিস্ট্রেট মমতাজ বেগম। এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিবেশ অধিদপ্তরের ইন্সপেক্টর টিপু সুলতান,জেলা প্রশাসনের প্রতিনিধি এবং যৌথ বাহিনীর একটি বিশেষ টিম।

এছাড়া রিপন ইটভাটা ও সুপার ইটভাড়ার সাজানো ইট ভেঙ্গে দেওয়া হয়। পর্যায়ক্রমে অবৈধ ভাটাগুলোতে অভিযান চালানো হবে বলেছেন জানিয়েছেন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা । তবে প্রাথমিকভাবে ড্রাম চিমনি ব্যবহারকৃক ভাটাগুলোতে অভিযান শুরু হয়েছে।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, ইটভাটায় ড্রাম চিমনি ব্যবহার নিষিদ্ধ করেছে সরকার।কিন্তু কিছু ভাটামালিক অবৈধভাবে এই চিমনি ব্যবহার করে আসছে।তাই অবৈধ ভাটাগুলোর বিরুদ্ধে অভিযান চালানো হচ্ছে।১টি ইটভাটা ভাঙা হয়েছে।২টির রাউন্ড ভাঙা হয়েছে। আরও একটিতে অভিযান চালানো হবে।পর্যায়ক্রমে এ অভিযান চলমান থাকবে।

অভিযান শেষে নির্বাহী ম্যাজিস্ট্রেট মমতাজ বেগম বলেন, “পরিবেশ ধ্বংস করে কোনো ইটভাটা চলতে দেওয়া হবে না। আইন অমান্যকারীদের বিরুদ্ধে অভিযান চলমান থাকবে।”

এসময় পরিবেশ অধিদপ্তরের মেহরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শেখ কামাল মেহেদী, পরিদর্শক টিপু সুলতানসহ সেনাবাহিনী, পুলিশ ও আনসার সদস্য উপস্থিত ছিলেন।

গাংনীতে ট্রাক্টরের ধাক্কায় শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার মানিকদিয়া গ্রামে ট্রাক্টরের চাকায় পিষ্ট হয়ে শিহাব হোসেন (৭) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।

গতকাল সোমবার দুপুরে নিজ বাড়ির পাশে মর্মান্তিক এ দুর্ঘটনা ঘটে। নিহত শিহাব উপজেলার মানিকদিয়া গ্রামের মাঠ পাড়ার কৃষক ওসমান আলীর ছেলে।

স্থানীয়রা জানান, শিশু শিহাবসহ তার কয়েকজন বন্ধু রাস্তার পাশের একটি ছোট্ট প্রাচীরের উপর বসে খেলাধুলা করছিল। পার্শ্ববর্তী একটি কৃষি জমিতে ট্রাক্টর দিয়ে চাষ করা হচ্ছিল। খেলাধুলার একপর্যায়ে শিশু শিহাব আকস্মিকভাবে প্রাচীর থেকে নিচে পড়ে যায়। পড়ে যাওয়ার পরই তার উপর দিয়ে ট্রাক্টরের চাকা উঠে যায় এবং পিষ্ট হয়ে শিহাব গুরুতর আহত হয়। স্থানীয়রা দ্রুত উদ্ধার করে আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার আগেই শিশুটি মারা যায়।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, দুর্ঘটনার খবর পেয়ে হেমায়েতপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

গাংনীতে অভ্যন্তরীণ আমন ধান ও চাউল সংগ্রহের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে চলতি ২০২৫-২৬ অর্থ বছরে আমন মৌসুমে অভ্যন্তরীণ ধান ও চাল সংগ্রহের উদ্বোধন করা হয়েছে।

‎‎সোমবার সকাল ১১ টায় উপজেলা প্রশাসন ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ের আয়োজনে খাদ্য গুদাম চত্বরে আমন ধান ও চাউল সংগ্রহের উদ্বোধন করা হয়।

‎‎চলতি মৌসুমে গাংনীতে আমন ধান সংগ্রহের প্রস্তাবিত লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১৪৩ মেট্রিকটন, চালের লক্ষ্যমাত্রা ৩২৬ মেট্রিকটন। ধানের সরকারি মূল্য নির্ধারণ করা হয়েছে কেজি প্রতি ৩৪ টাকা এবং চাল ৫০ টাকা। এর মধ্যে উপজেলা কৃষি অফিসের আওয়াতাভুক্ত কৃষকদের কাছ থেকে সরাসরি ধান সংগ্রহ করা হবে এবং চুক্তিবদ্ধ চাল কল মালিকদের নিকট থেকে চাউল সংগ্রহ করা হবে।

‎‎এ সময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন, সহকারী কমিশনার (ভূমি) মোঃ নাবিদ হোসেন, উপজেলা কৃষি অফিসার ইমরান হোসেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোছাঃ ইশরাত জাহান,উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী (ভারপ্রাপ্ত) মাসুম বিল্লাহ, কারিগরি খাদ্য পরিদর্শক ইকবাল হোসেন, ওসি এলএসডি মোঃ মাহমুদুল হাসান, উপজেলা খাদ্য পরিদর্শক মোহাম্মদ ফাহিম ফয়সাল, উপজেলা চাল কল মালিক সমিতির সভাপতি মোঃ শহিদুল হক সহ উপজেলা বিভিন্ন কৃষক এবং চাল কল মালিকেরা।

চার দফা দাবিতে মেহেরপুরে সরকারি মাধ্যমিক বিদ্যালয় শিক্ষকদের কর্মবিরতি

চার দফা দাবিতে পূর্ণ দিবস কর্মবিরতি পালন করছেন দেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা।

আজ সোমবার (১ ডিসেম্বর) কর্মবিরতির অংশ হিসেবে ষষ্ঠ থেকে দশম শ্রেণির চলমান বার্ষিক পরীক্ষাও বন্ধ রাখার ঘোষণা দিয়েছেন তারা।

এর আগে রোববার দীর্ঘদিনের পেশাগত মর্যাদা ও বেতন-ভাতা সংক্রান্ত দাবিতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের সামনে দ্বিতীয় দিনের মতো অবস্থান কর্মসূচি পালন করেন শিক্ষকরা। এরপর বাংলাদেশ সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির ব্যানারে পূর্ণ দিবস কর্মবিরতির ঘোষণা দেওয়া হয়।

শিক্ষকদের চার দফা দাবির মধ্যে রয়েছে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদকে বিসিএস ক্যাডারভুক্ত করা, পেশাগত মর্যাদা পুনর্বহাল, বেতন-ভাতা বৈষম্য দূরীকরণসহ অন্যান্য দাবি।

শিক্ষক নেতারা জানান, দাবি আদায় হলে শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটির দিনেও অবশিষ্ট পরীক্ষাগুলো নেওয়া হবে এবং ডিসেম্বরের মধ্যেই ফলাফল প্রকাশ করা হবে। তবে দাবি পূরণ না হলে কর্মবিরতি অব্যাহত থাকবে।

গত ২৪ নভেম্বর থেকে দেশের মাধ্যমিক বিদ্যালয়গুলোতে বার্ষিক পরীক্ষা শুরু হয়েছে।

কোর্স শেষ হয়নি, তবুও নেন বিএড স্কেলের বেতন

বিএড (ব্যাচেলর অব এডুকেশন) এর জাল সনদ দেখিয়ে পাঁচ বছর ধরে অতিরিক্ত বেতন নিচ্ছেন পাঁচ শিক্ষক। এতে সরকারের তহবিল থেকে প্রায় ১৪ লাখ টাকা বেশি নিয়েছেন তারা।

এ কাণ্ডের অভিযুক্তরা হলেন মেহেরপুর সদর উপজেলার বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ, সহকারী প্রধান শিক্ষক দিলারা পারভীন, সহকারী শিক্ষক নার্গিস খাতুন, সহকারী শিক্ষক জাহানারা খাতুন এবং সহকারী শিক্ষক ফিরোজা খাতুন।

জানা গেছে, ২০১৯ সালের জুলাই মাসে সদর উপজেলার এ মাধ্যমিক বিদ্যালয়টি এমপি ভুক্ত হয়। ওই সময় থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিএড পাশের জাল সনদ দেখিয়ে তারা উচ্চতর স্কেলে বেতন নিচ্ছেন।

বিএড বাদে চার শিক্ষকের মূল বেতন স্কেল হওয়ার কথা ১২ হাজার ৫০০ টাকা এবং প্রধান শিক্ষকের বেতন স্কেল হওয়ার কথা ১৬৮০০ টাকা কিন্তু সহকারী ওই চার শিক্ষক ১৬ হাজার টাকা স্কেল এবং প্রধান শিক্ষক বাইশ হাজার টাকায় স্কুলের বেতন নিচ্ছেন।

আরও জানা গেছে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যশোর কেন্দ্র

ব্যাচেলার অফ এডুকেশন অনলাইন ভার্সন মাধ্যমে বশিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল কালাম আজাদ, সহকারী প্রধান শিক্ষক দিলারা পারভিন, সহকারী শিক্ষক নার্গিস খাতুন, ফিরোজা খাতুন ও জাহানারা খাতুন যশোর টিটিসি থেকে এখনো অধ্যয়ন করছেন এবং তাদের ১ম সেমিস্টার সম্পন্ন হয়েছে।

এছাড়াও বিদ্যালয়ের সহকারী শিক্ষক আখি তারা খাতুন জাল সনদ দিয়ে চাকরির নেওয়ার বিষয়টি প্রমাণিত হওয়ায় দুদকের করা মামলায় দুই মাস জেল খেটেছেন। এবং ওই দুই মাস স্কুলের হাজিরা খাতায় তার অনুপস্থিত থা্কলেও তাকে প্রধান শিক্ষক ওই দুই মাস বেতন দিয়েছেন।

এ বিষয়ে প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ সাথে যোগাযোগ করা হলো তাঁকে ফোন পাওয়া যায়নি।

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খাইরুল ইসলাম বলেন, জাল সনদ দেখিয়ে উচ্চতর বেতন স্কেল নিয়ে বেশি বেতন নেওয়া দণ্ডনীয় অপরাধ । এ বিষয়ে তদন্ত করে যদি প্রমাণিত হয়, তবে তাদের নেওয়া অতিরিক্ত অর্থ সরকারি কোষাগারে জমা নেওয়ার ব্যবস্থা করাসহ তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।